
# পাঁচ-রাস্তার পালা

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়



PANCH-RASTAR PALA
A collcation of Children's Verse
by Deviprasad Bandyopadhyaya
Distributed by
The Shee Book Agency
201A,Muktarambabu Street, Kolkata 700007, Mobile 9874168470
thesheebookagency@gmail.com

স্বত্ব : বিজয়া বন্দ্যোপাধ্যায় রঞ্জা বন্দ্যোপাধ্যায়

প্রথম প্রকাশ বইমেলা ২০০৪
শামা সংস্করণ ফেব্রুয়ারি ২০২৩

প্রচ্ছদ ও অলংকরণ চন্দন বৈতালিক

শামা-র পক্ষে ৮০ গঙ্গাপুরী, পুর্ব পুটিয়ারী, কলকাতা- ৭০০০৯৭ থেকে
রঞ্জা বন্দ্যোপাধ্যায় (৯১২২৩৩৩৪৩৩/৯৯০৩০৪৭৩৮৮) কর্তৃক প্রকাশিত এবং
কমলা প্রেস, ২০৯এ, বিধান সরণী, কলকাতা- ৭০০০০৬ থেকে মুদ্রিত।

মূল্য একশো পঞ্চাশ টাকা

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় প্রণীত
ছোটোদের কবিতার বই

রুপুলি মুকুট
রদ্রু ফুলের তোড়া
বেশনগরের মোয়া
উলুটিপালুটি পথ
এক যে ছেলে দশসাহসী
বীরপাঁচিশি
হেঁয়ালির ছন্দ
পাঁচরাস্তার পালা
ইকড়িমিকড়ি
তারা ছটফট করে

# পাঁচ-রাস্তার পালা

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

শামা

সূচীপত্র

## পাঁচ-রাস্তার পালা


| | |
|---|---|
| ১০টা ১২র গাড়ি | ১১ |
| পাঁচ-রাস্তার পালা | ১৪ |
| ঝিমুনি দুপুর | ১৬ |
| চরকি ঘোরেন চক্রজিৎ | ১৭ |
| রামকান্তপুরে থাকতেন | ২০ |
| গৌড়কাহিনী | ২৩ |
| মেছো ভূত | ২৫ |
| দশ লাখ | ২৭ |
| রথের মেলার ছড়া | ২৮ |
| রেতে বেজায় মশা | ৩০ |
| কাঁটালচাঁদবাবু | ৩১ |
| চক্‌মকি | ৩২ |
| সাতুই চোতের প্রভাতফেরি | ৩৩ |
| কলের্গানের্দোকাং | ৩৪ |
| বারের পুজো, মাসনাম্‌চা | ৩৫ |
| শামুকখোলা | ৩৭ |

আ যেন আসকে-পিঠে


| | |
|---|---|
| পরীমন্তর | ৪১ |
| চাঁদে ঘর বেঁধে | ৪৪ |
| কিচুমিচুর ব্যাগ আনো নি | ৪৫ |
| সাতটা দিনের গল্প | ৪৬ |
| দুশো মজা বাদাম-ভাজা | ৪৭ |
| আ যেন আসকে-পিঠে | ৪৮ |
| খোকা গেছে পড়া পড়তে | ৫২ |
| মাস্টারমশাই নমস্কার | ৫৩ |


ঢোল ডিগ্‌ডিগ্


| | |
|---|---|
| সুতোনুটি | ৫৭ |
| বসে বসে দেখি সারা দিন | ৫৮ |
| ঢোল ডিগ্‌ডিগ্ | ৫৯ |
| নাগরদোলা | ৬০ |
| বারোমাসী | ৬২ |
| জল খেতে ঘট ডুবোলুম | ৬৪ |
| কৈলেস পাহাড়ের গোড়ায় | ৬৫ |
| খেলার ব্যায়লা | ৬৬ |
| খুকুমণির ছড়া | ৬৭ |
| কাঁকনদাসীর গল্প | ৬৯ |

১০টা ১২র গাড়ি।
মাছি গলবে যে তারই
ফাঁক নেই, তবে মনিষ্যিজাত—
তাঁদের কথা স্বতন্ত্র।
উঠছেই, লোক উঠছেই...
কী পর্যন্ত
উঠবে কে জানে। এরই মাঝখানে
সিটি দিল তিন-চার বার।
ঘেমে ভিজে নেয়ে নেতিয়ে গেনু যে।
নাম দেখছি নে ছাড়বার।
ও হে মধুবাবু, আজ আবার কী হল হে!
আগিয়ে দেখ না ঘাড়টা—
মন্ত্রীটন্ত্রি আগমন? না কি
ডেরাইভারই নিপাত্তা?

আ রে। আ রে। ঝাঁকা-বোঝা নিয়ে ফের
ঢুকছিস কোথা? এঃ হে!
দিলি ছিঁড়ে? ইশ্‌শ্‌! ঘাড়ে চেপে যাবি?
কী যে কন বাবু, হেঃ হেঃ—
এই এট্টুক— পা মোড়ান
আরটু মোড়া দেন মাঝখান।
ব্যাস্‌! ওই কাত হৈয়া যান।
এই তো কেমন। কই বাবু, নেন,
ভাঙ্‌চি বের করেন—
এই ঝালমুড়ি চানাচুর্‌র্‌র্‌—
আর ঘুঘুড়ি ছিরামপুর—
দেব? শস্তা আপেল? কাটা-জোড়া তেল?
বজ্র মাজন? লাইলন বেল্ট্‌?